

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 04.10.2024

Time: 7.50 P.M

বিশেষ বিশেষ খবর –

- ১/ উৎসবের দিনগুলিতে রাজ্যের খোলা বাজারে যেন কোন কৃষিপন্যের ঘাটতি না হয় তা দেখার জন্যে রাজ্য সরকার অতিরিক্ত সতর্কতামূলক পদক্ষেপ গ্রহন করেছে।
- ২/ শারদ উৎসবের দিনগুলিতে শহরে যে কোন রকমের অশান্তি এড়াতে কলকাতা পুলিশ সব রকমের ব্যবস্থা নিচ্ছে। লালবাজারে আজ পুজোর গাইড ম্যাপ প্রকাশ করে নগরপাল একথা বলেন।
- ২/ মুখ্যমন্ত্রী আজও বেশ কয়েকটি পুজোর উদ্বোধন করেন। RG Kar-এর নাম না করে তিনি বলেন, দুর্ঘটনা কেউই এড়াতে পারেনা।
- ৩/ জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির বিরুদ্ধে করা মামলার দ্রুত শুনানির আর্জি খারিজ কলকাতা হাইকোর্টের।
- # এদিকে, কলকাতায় আজ জুনিয়ার চিকিৎসকদের প্রতিবাদ মিছিলকে কেন্দ্র করে তুমুল উত্তেজনা। ধর্মতলায় অবস্থানে বসেছেন তাঁরা।
- ৪/ RG Kar-এ আর্থিক দুর্নীতি মামলায় সি বি আইয়ের হাতে ধৃত TMCP নেতা চিকিৎসক আশিষ পান্ডের সাতই অক্টোবর পর্যন্ত CBI হেফাজত।
- ৫/ বাংলা ধ্রুপদী ভাষার মর্যাদা লাভ করায় রাজ্যপাল, মুখ্যমন্ত্রী সহ বহু বিশিষ্ট ব্যক্তি সন্তোষ প্রকাশ করেছেন।

এদিকে, বিজেপি উত্তর দিনাজপুরের দাড়িভিটে বাংলা ভাষার জন্য লড়াই করে নিহত দুই ছাত্রকে ভাষা শহীদের মর্যাদা দেওয়ার দাবি জানিয়েছে।

উৎসবের দিনগুলিতে রাজ্যের খোলা বাজারে যেন কোন কৃষিপন্যের ঘাটতি না হয় তা দেখার জন্যে রাজ্য সরকার অতিরিক্ত সতর্কতামূলক পদক্ষেপ গ্রহণ করেছে।

পুজোর আগে বাজারে সবজি, মাছ সহ নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর দামের উর্দ্ধগতি নিয়ে মুখ্যসচিব মনোজ পন্থ আজ নবান্নে বাজার দর নিয়ন্ত্রনে গঠিত টাস্ক ফোর্স, এনফোর্সমেন্ট, বিভিন্ন ব্যবসায়ী সংগঠন, পুলিশ, জেলাশাসকদের সঙ্গে পর্যালোচনা বৈঠক করেন। পরে সরকারি ভাবে জারি করা এক বিবৃতিতে বর্তমানে রাজ্যে কৃষি পন্যের দাম স্থিতিশীল রয়েছে বলে জানানো হয়েছে। সুফল বাংলার স্টল সহ বাজারে যোগান স্বাভাবিক রাখতে হিমঘরগুলিতে পর্যাপ্ত পরিমাণে আলু মজুত রয়েছে বলে উল্লেখ করে পুজোকালীন অতিরিক্ত চাহিদা মেটানোর জন্য হিমঘর কতৃপক্ষ ও আলু ব্যবসায়ীদের কাছে আবেদন জানানো হয়েছে। চাহিদা ও যোগানের মধ্যে সমতার জন্যে ৫৮টি ক্রয় কেন্দ্রের মাধ্যমে চাষীদের কাছে থেকে সরাসরি ন্যায্যমূল্যে সবজি কেনা হচ্ছে বলে সরকারিভাবে জানানো হয়েছে। গত তিন মাসে রাজ্যের বিভিন্ন জেলার চাষীদের কাছে থেকে কেনা পেঁয়াজ সুফল বাংলার স্টলের মাধ্যমে ন্যায্য মূল্যে বিক্রয় করা হচ্ছে। পশ্চিমাঞ্চলের বিভিন্ন জেলায় আশি টাকা কেজি করে লংকা সুফল বাংলার স্টলের মাধ্যমে বিক্রী করা হচ্ছে। গত তিন মাসে নতুন ৮০টি স্টল খোলায় রাজ্যে বর্তমানে সুফল বাংলা স্টলের সংখ্যা বেড়ে ৬৪২টি হয়েছে বলে জানানো হয়েছে।

শারদ উৎসবের দিনগুলিতে শহরে যে কোন রকমের অশান্তি এড়াতে কলকাতা পুলিশ সব রকমের ব্যবস্থা নিচ্ছে। লালবাজারে আজ পুজোর গাইড ম্যাপ প্রকাশের পরে নগরপাল মনোজ ভার্মা সাংবাদিকদের বলেন, RG Kar ইস্যুতে গত দু' মাস ধরে শহরে যেভাবে প্রতিবাদ আন্দোলন চলছে পুজোর মধ্যেও সেইরকম কিছু হলে, তা' মোকাবিলায় পুলিশ প্রস্তুত।

পুজোয় যানবাহন নিয়ন্ত্রণ ও ভিড় সামাল দিতে ১৮ জন অ্যাসিস্ট্যান্ট কমিশনারের পাশাপাশি, ১০৪ জন ইন্সপেক্টর, ৫৫০ জন সার্জেন্ট, তিন হাজার ৬০০ কনস্টেবল, পাঁচ হাজার ৪০০ জন অস্থায়ী হোমগার্ড ও সিভিক ভলান্টিয়ারকে শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় মোতায়েন করা হবে। এছাড়াও প্রয়োজনে ড্রোন ক্যামেরা ব্যবহার করা হবে বলে তিনি জানিয়েছেন।
উল্লেখ্য, এই বছর শহরে এক হাজার ৯০৫টি পুজোকে অনুমতি দেওয়া হয়েছে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি বলেছেন, দুর্ঘটনা কেউই এড়াতে পারেনা। তিনি আজ সন্ধ্যায় দক্ষিণ কলকাতার হিন্দুস্থান পার্কের পুজো উদ্বোধন করেন। RG Kar-এর ঘটনার নাম না করে মুখ্যমন্ত্রী বলেন, দুঃখজনক ঘটনা মানুষ কোনোদিনই ভুলতে পারে না।
উল্লেখ্য, মুখ্যমন্ত্রী হিন্দুস্থান পার্ক ছাড়াও একডালিয়া এভারগ্রিনের পুজো উদ্বোধন করেন। সেখানে তিনি বাংলা ধ্রুপদী ভাষার মর্যাদা লাভ করায় সন্তোষ প্রকাশ করেন। আজ তাঁর মুদিয়ালি, বাদামতলা আষাঢ় সংঘ, শীতলা মন্দির সহ ১২ টি পুজোর উদ্বোধনের কর্মসূচী রয়েছে।

জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির বিরুদ্ধে করা মামলার দ্রুত শুনানির আর্জি খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চ। হাইকোর্টের অবকাশকালীন বেঞ্চে এই মামলার শুনানি হবে বলে প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম এবং বিচারপতি বিভাস পট্টনায়কের ডিভিশন বেঞ্চ জানিয়েছেন।

উল্লেখ্য, জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির বিরুদ্ধে জনস্বার্থ মামলা করেন এক ব্যক্তি। এই কর্মবিরতির ফলে সুপ্রিম কোর্টের আদেশ লঙ্ঘিত হচ্ছে বলে মামলায় অভিযোগ করা হয়। দ্রুত শুনানির আবেদন জানালে তা খারিজ করে দেয় ডিভিশন বেঞ্চ।

RG Kar হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় ন্যায় বিচার ও দোষীদের শাস্তি এবং হাসপাতালগুলিতে ডাক্তারদের নিরাপত্তা সুনিশ্চিত করার দাবীতে জুনিয়ার চিকিৎসকরা আজ কলকাতায় এক প্রতিবাদ মিছিলে সামিল হন।
‘ওয়েস্ট বেঙ্গল জুনিয়ার ডক্টর্স ফ্রন্ট’ আয়োজিত SSKM হাসপাতাল থেকে ধর্মতলা পর্যন্ত আয়োজিত ওই মিছিলে যোগ দেন সিনিয়ার ডাক্তাররাও। পা মেলান অসংখ্য সাধারণ মানুষও।

এদিকে, মিছিলকে কেন্দ্র করে ধর্মতলায় তুমুল উত্তেজনা দেখা দেয়। মেট্রো চ্যানেলে অপেক্ষারত তাঁদের কয়েকজন সহকর্মীকে টেনে হিঁচড়ে সরিয়ে দেওয়া হয়েছে, এক ইন্টার্নের সঙ্গে অভব্য আচরণ করা হয়েছে, এই অভিযোগে ও তার প্রতিবাদে রাস্তায় বসে পড়েন জুনিয়ার চিকিৎসকরা। কলকাতা পুলিশের বিরুদ্ধে তাঁরা স্লোগান দিতে থাকেন। শুরু হয় ব্যাপক যানজট। বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের গাড়ি জ্যামে আটকে যায়। পরে অবশ্য পুলিশের হস্তক্ষেপে অধ্যক্ষের গাড়ি সরিয়ে নিয়ে যাওয়া হয়। শেষ খবর পাওয়া পর্যন্ত অবস্থান বিক্ষোভ চলেছে।

RG Kar-এ আর্থিক দুর্নীতি মামলায় সি বি আইয়ের হাতে ধৃত TMCP নেতা চিকিৎসক আশিস পাণ্ডেকে সাতই অক্টোবর পর্যন্ত CBI হেফাজতে পাঠানো হয়েছে। তাকে আজ আলিপুর আদালতে তোলা হয়। RG Kar-এর প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ঘনিষ্ঠ আশিস পাণ্ডেকে গ্রেপ্তার করে তদন্তকারী সংস্থা।

CBI সূত্রে জানা গেছে, আর্থিক দুর্নীতি মামলার সঙ্গে RG Kar-এর তরুণী PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের কোনো যোগ আছে কিনা, আশীষ পাণ্ডেকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে তা খতিয়ে দেখা হবে। সেমিনার হলে যেখানে ওই চিকিৎসকের দেহ উদ্ধার হয়েছিল, সেখানে আশিস পাণ্ডেকে দেখা গিয়েছিল বিভিন্ন ভিডিও ক্লিপিংএ।

এদিকে, RG Kar-এর চিকিৎসক খুন ও ধর্ষণের ঘটনায় ধৃত সন্দীপ ঘোষ ও টালা থানার ওসি অভিজিত মণ্ডলের জেল হেফাজতের মেয়াদ আজ শেষ হচ্ছে। তাদের আবার ১৪ দিন জেল হেফাজতে পাঠানোর আবেদন করেছে সিবিআই।

দক্ষিণ শহরতলির বাঁশদ্রোণীতে পে লোডারের ধাক্কায় ছাত্র মৃত্যুর ঘটনায় গাড়ির মালিক সহ ২ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। DC SSD বিদিশা কলিতা জানিয়েছেন, মালিক বিশ্বকর্মা শর্মা-ই ঘটনার পর চালক শম্ভুরামকে পালাতে সাহায্য করেছিল। গতরাতেই চালক ও মালিক দু'জনকেই গ্রেপ্তার করা হয়।

বাংলা, এবার ধ্রুপদী ভাষার মর্যাদা পেতে চলেছে। বাংলা সহ মারাঠি, পালি, প্রাকৃত ও অসমীয়া মোট ৫ টি ভারতীয় ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় মন্ত্রিসভা। এই নিয়ে দেশে মোট ধ্রুপদী ভাষার সংখ্যা হল ১১।

কেন্দ্রের এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন রাজ্যপাল সিভি আনন্দ বোস, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, কংগ্রেস Working কমিটির সদস্য, প্রাক্তন সাংসদ অধীর রঞ্জন চৌধুরী প্রমুখ।

বাংলা ধ্রুপদী ভাষার মর্যাদা লাভ করায় মুখ্যমন্ত্রী সন্তোষ প্রকাশ করেছেন। তিনি আজ দক্ষিণ কলকাতার একডালিয়া এভারগ্রিন ক্লাবের পুজোর উদ্বোধন করে বলেন-

বাংলা ভাষার প্রচার প্রসার ও গবেষণার ক্ষেত্রে কেন্দ্রের আর্থিক সহযোগিতা বাড়বে ফলে এই ভাষা চর্চার প্রভূত উন্নতি হবে।

বিজেপি উত্তর দিনাজপুরের দাঁড়িভিটে বাংলা ভাষার জন্য লড়াই করে নিহত দুই ছাত্রকে ভাষা শহীদের মর্যাদা দেওয়ার দাবি জানিয়েছে। বালুরঘাটে আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার বলেন-
